

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ২৪৭৬

80/ কিয়ামত (كتاب صفة القيامة والرفائق والورع عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابُ

আরবী

حَدَّثَنَا هَنَادٌ، حَدَّثَنَا يُونُسُ بْنُ بُكَيْرٍ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ زِيَادٍ، عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبٍ الْقُرَظِيِّ، حَدَّثَنِي مَنْ، سَمِعَ عَلِيَّ بْنَ أَبِي طَالِبٍ، يَقُولُ خَرَجْتُ فِي يَوْمٍ شَاتٍ مِنْ بَيْتِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَدْ أَخَذْتُ إِهَابًا مَعْطُونًا فَحَوَّلْتُ وَسَطَهُ فَأَدْخَلْتُهُ عُنْقِي وَشَدَدْتُ وَسْطِي فَحَزَمْتُهُ بِخَوْصِ النَّخْلِ وَإِنِّي لَشَدِيدُ الْجُوعِ وَلَوْ كَانَ فِي بَيْتِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ طَعَامٌ لَطَعِمْتُ مِنْهُ فَخَرَجْتُ أَلْتَمِسُ شَيْئًا فَمَرَرْتُ بِيَهُودِيٍّ فِي مَالٍ لَهُ وَهُوَ يَسْقِي بِبَكْرَةٍ لَهُ فَاطَّلَعْتُ عَلَيْهِ مِنْ ثُلْمَةٍ فِي الْحَائِطِ فَقَالَ مَا لَكَ يَا أَعْرَابِي هَلْ لَكَ فِي كُلِّ دَلْوٍ بَتْمَرَةٌ قُلْتُ نَعَمْ فَافْتَحَ الْبَابَ حَتَّى أَدْخُلَ فَفَتَحَ فَدَخَلْتُ فَأَعْطَانِي دَلْوَهُ فَكُلَّمَا نَزَعْتُ دَلْوًا أَعْطَانِي تَمْرَةً حَتَّى إِذَا امْتَلَأْتُ كَفَّيْ أَرْسَلْتُ دَلْوَهُ وَقُلْتُ حَسْبِي فَأَكَلْتُهَا ثُمَّ جَرَعْتُ مِنَ الْمَاءِ فَشَرِبْتُ ثُمَّ جِئْتُ الْمَسْجِدَ فَوَجَدْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ .

বাংলা

২৪৭৬. হান্নাদ (রহঃ) আলী ইবন আবু তালিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, এক শীতের দিনে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ঘর থেকে বের হলাম। লবণ লাগানো একটি কাঁচা চামড়া নিয়ে এর মাঝে এটিকে ছিদ্র করে এটিকে গলার ভিতর ঢুকিয়ে দিলাম এবং খেজুরের একটি পাতা দিয়ে কোমরের মাঝে তা বেধে দিলাম। আমি তখন অত্যন্ত ক্ষুধার্ত ছিলাম। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ঘরে যদি সামান্যতম খাদ্যও থাকত তবে অবশ্য তা থেকে আমি কিছু খেতে পেতাম। তাই আমি কিছু খাদ্যের তালাশে বের হয়ে পড়লাম। একটি ইয়াহুদীর বাগানের পাশ দিয়ে যাওয়ার সময় দেখি সে কাঠের একটা গোলপাত্র দিয়ে তার বাগানে পানি দিচ্ছে। বাগানের দেয়ালের ছিদ্র দিয়ে আমি তাকে দেখলাম, সে বলল, হে বেদুঈন, কি চাও! একেকটি খেজুরের বিনিময়ে এক এক বালতি পানি সেচ করতে প্রস্তুত আছ?

আমি বললামঃ হ্যাঁ, দরজাটি খোল আমি যাতে ভেতরে আসতে পারি। সে দরজা খুলল, আমি ভেতরে আসলাম। সে তার বালতিটি আমাকে দিল। একেক বালতি পানি তোলার সাথে সাথে সে আমাকে একটি করে খেজুর দিতে লাগল। যখন খেজুর আমার দুই হাত ভরতি হয়ে গেল আমি তার বালতি ছেড়ে দিলাম। বললামঃ এই আমার জন্য যথেষ্ট। এরপর আমি তা খেলাম। তারপর কয়েক টোক পানি পান করলাম। পরে মসজিদে আসলাম। সেখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে পেলাম। যঈফ, তা'লীকুর রাগিব ৩/১০৯, ১১০, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৭৩ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) হাদীসটি হাসান-গারীব।

English

Muhammad bin Ka'b Al-Qurazi said:

"Someone narrated to me that he heard 'ali bin abi Talib saying: 'I went out on a cold day from the house of the Messenger of Allah (s.a.w). I had taken a tanned skin, so I tore it in the middle, and put it over my neck, and wrapped my mid-section, fastening it with a palm leaf. I was severely hungry, and if there was food in the house of the Messenger of Allah (s.a.w) I would have eaten some of it. I went in search of something. I passed by a Jew on his property drawing water (from a well) with a pulley. I watched him from a gap in the fence. He said: "what is wrong with you O Arab? Would you like to get a date for every bucket?" I said: "Yes. Open the door so I can come in." He opened the door, I entered and he gave me his bucket. Then for every bucket I pulled out, he would give me a date, until when it was enough for me. I put his bucket down and said: "I think I had enough to eat" then I scooped some water to drink it. Then I came to the Masjid and found the Messenger of Allah (s.a.w) in it."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=37830>

📖 হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন